# হিন্দু ধর্ম

## ষষ্ঠ ও সপ্তম শ্রেণির সেশন পরিকল্পনা পুনঃবিবেচনা

ষষ্ঠ ও সপ্তম শ্রেণিতে নতুন শিক্ষাক্রম এই বছরেই চালু করা হলো বিধায় শিক্ষক, শিক্ষার্থী, বিদ্যালয়ের প্রশাসক, সবারই নিজেদের প্রস্তুত করতে ও নতুন শিক্ষাক্রমে অভ্যস্ত হতে কিছুটা সময় বেশি লেগেছে। তাই জানুয়ারি থেকে জুলাই মাসের প্রথম সপ্তাহ পর্যন্ত যতগুলো শিখন অভিজ্ঞতা সম্পন্ন করার পরিকল্পনা ছিল, অনেক ক্ষেত্রেই তা করা সম্ভব হয় নি।

১৫ই নভেম্বরের মধ্যে ষষ্ঠ ও সপ্তম শ্রেণির হিন্দু ধর্মের অবশিষ্ট শিখন অভিজ্ঞতাসমূহ সম্পন্ন করার জন্য শিক্ষকদের জন্য কয়েকটি নির্দেশনা নিচে দেয়া হলো-

**ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নে ষষ্ঠ ও সপ্তম শ্রেণীর যে অভিজ্ঞতা গুলোর মূল্যায়ন হয়েছে –**

| ষষ্ঠ শ্রেণি | সপ্তম শ্রেণি |
|---|---|
| যোগ্যতা ১ অভিজ্ঞতা ১ | যোগ্যতা ১ অভিজ্ঞতা ১ |
| যোগ্যতা ১ অভিজ্ঞতা ২ | যোগ্যতা ১ অভিজ্ঞতা ২ |
| যোগ্যতা ১ অভিজ্ঞতা ৩ | যোগ্যতা ২ অভিজ্ঞতা ১ |

**ষষ্ঠ ও সপ্তম শ্রেণির আরও ৫ টি করে অভিজ্ঞতা বাৎসরিক সামষ্টিক মূল্যায়নের পূর্বে শেষ করতে হবে –**

| শ্রেণি | অবশিষ্ট অভিজ্ঞতার সংখ্যা | অবশিষ্ট অভিজ্ঞতা শেষ করতে মোট যে কয়টি সেশন সংখ্যার প্রয়োজন হবে | সামষ্টিক মূল্যায়নের পুর্বে যে কয়টি শ্রেণি সময় আছে ( ২৩ জুলাই – ১০ নভেম্বর) |
|---|---|---|---|
| ষষ্ঠ | ৫ টি | ৬৭ | ১৬ সপ্তাহে ৩২ টি সেশন |
| সপ্তম | ৫ টি | ৬১ | ১৬ সপ্তাহে ৩২ টি সেশন |

এছাড়া, সরকারি ছুটি, অন্যান্য বিষয়ের দিনব্যাপী শ্রেণি কার্যক্রম, প্রাকৃতিক দূর্যোগ ইত্যাদি কারনে শ্রেণিভেদে কয়েকটি সেশন অতিরিক্ত প্রয়োজন হতে পারে। এই পরিপ্রেক্ষিতে, কিছু নির্দেশনা প্রস্তাব করা হল যা অনুসরণ করে শিক্ষকগণ যথা সময়ে সিলেবাসের সকল শিখন অভিজ্ঞতা শেষ করতে পারবেন।

**মনে রাখতে হবে, এই নির্দেশনা বা প্রস্তাব কেবল ২০২৩ সালের জন্য প্রযোজ্য। ২০২৪ সাল থেকে যথাযথভাবে শিক্ষক সহায়িকা অনুসরণ করে শ্রেণি কার্যক্রম পরিচালনা করতে হবে।**

# ৬ষ্ঠ শ্রেণি

| শিখন অভিজ্ঞতা | শিক্ষকদের জন্য নির্দেশনা | পূর্বনির্ধারিত সেশন সংখ্যা | পরিমার্জিত সেশন সংখ্যা |
|---|---|---|---|
| **যোগ্যতা ২ অভিজ্ঞতা ১** | প্রেক্ষাপট নির্ভর অভিজ্ঞতা ও প্রতিফলনমূলক পর্যবেক্ষন এর ৩টি সেশন কে ১টি সেশন এ সম্পন্ন করা যেতে পারে।<br><br>বিমূর্ত ধারণায়নে নিত্য কর্মের বিষয়টি ২টি সেশন এ সম্পন করে বাড়ির কাজ হিসেবে শিক্ষার্থীদেরকে নিত্য কর্মের রুটিনটি প্রস্তুত করে আনতে বলা যেতে পারে। | ৭ টি | ৩ টি |
| **যোগ্যতা ২ অভিজ্ঞতা ২** | মন্দির পরিদর্শনের সেশনটি ৩টি সেশন এ সম্পন্ন করা যেতে পারে। প্রতিফলনমূলক পর্যবেক্ষণে ২টি সেশনে শিক্ষার্থীদের এ সম্পর্কিত ধারণা তুলে ধরা যেতে পারে।<br><br>বিমূর্ত ধারণায়নে ৬টি সেশনে সূচিতা, উপাসনা-প্রার্থনা, পূজা পার্বন বিষয়াদি সম্পন্ন করা যেতে পারে।<br><br>সক্রিয় পরীক্ষণে ১টি সেশনে পূজার আয়োজন করা যেতে পারে। | ২৪ টি | ১২ টি |
| **যোগ্যতা ২ অভিজ্ঞতা ৩** | দেব দেবীর বসার ভঙ্গী অনুকরণ করে দলগত আলোচনার মাধ্যমে ১টি সেশনে বিষয়টি সম্পন্ন করা যেতে পারে।<br><br>বিমূর্ত ধারণায়নে যোগাসন ২টি সেশনে সম্পন করা যেতে পারে। শিক্ষার্থীরা ১টি সেশনে তাদের পছন্দের ১টি যোগাসন করে দেখাবে। | ৮ টি | ৪ টি |
| **যোগ্যতা ৩ অভিজ্ঞতা ১** | প্রতিফলন মূলক পর্যবেক্ষনে ১টি সেশনের মাধ্যমে বিভিন্ন মানবীয় গুণ উপলব্ধি করার কাজটি করা যেতে পারে।<br><br>বিমূর্ত ধারণায়নের সেশনটি ৩টি সেশনের মাধ্যমে সম্পন করা যেতে পারে। ১টি সেশনের মাধ্যমে বিনিময় স্টলটি প্রদর্শন করবে। কিন্তু ছুটির দিনে বা ক্লাসের কোন বিরতিতে এটা নিয়ে তাদেরকে সহপাঠী শিক্ষক অভিভাবকদের সাথে আলোচনা করতে বলা যেতে পারে। | ১৩ টি | ৬টি |
| **যোগ্যতা ৩** | সেবাদান কার্যক্রম পর্যবেক্ষন ও মুক্তিযোদ্ধাদের সাথে | ১৫ টি | ৭ টি |

| | | | |
|---|---|---|---|
| **অভিজ্ঞতা ২** | আলোচনার মাধ্যমে সহাবস্থানের বিষয়টি ৪টি সেশনে সম্পন্ন করা যেতে পারে।<br><br>সহাবস্থানের বিষয়টি ২টি সেশনের মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে। শিক্ষার্থীরা ১টি সেশনের মাধ্যমে সহাবস্থানের বিষয়টি অন্য শ্রেণীতে গিয়ে উপস্থাপন করবে। | | |

সাধারণ নির্দেশনা:

১। শিক্ষক লক্ষ্য রাখবেন কোন বিষয়ের শ্রেণির বাইরের কাজ যেন অন্য আরেকটি বিষয়ের শ্রেণি সময়কে প্রভাবিত না করে। অর্থাৎ হিন্দুধর্ম বিষয়ের একটি শ্রেণির বাইরের কাজ হিন্দুধর্ম বিষয়ের পর যে বিষয়ের সেশন পরিচালিত হওয়ার কথা সে বিষয়ের সময়কে প্রভাবিত না করে। সকল বিষয়ের সেশন সময় পরিকল্পনা মত শেষ করতে হবে।
২। দুর্যোগ বা অন্যান্য কারনে যদি বিদ্যালয় বন্ধ থাকে, শিক্ষক পূর্বে থেকে বাড়ির কাজ, দলগত কাজ, তথ্য সংগ্রহ এই ধরণের কাজগুলো শিক্ষার্থীদের বুঝিয়ে দিয়ে শিখন কার্যক্রম চলমান রাখতে পারেন যেন পরিকল্পনা অনুযায়ী সেশন শেষ করা সম্ভব হয়।
৩। যে কোন উপস্থাপনের সময় সব দলের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। দলের সকল সদস্যকে যাচাই করার স্বার্থে সবাইকে অল্প সময়ের জন্য হলেও উপস্থাপনের সুযোগ করে দিতে হবে। সেশন বা সেশনের সময় কমানোর জন্য দলের কোন সদস্যের অংশগ্রহণের সুযোগ নষ্ট করা যাবে না।

# ৭ম শ্রেণি

| শিখন অভিজ্ঞতার শিরোনাম | শিক্ষকদের জন্য নির্দেশনা | পূর্বনির্ধারিত সেশন সংখ্যা | পরিমার্জিত সেশন সংখ্যা |
|---|---|---|---|
| **যোগ্যতা ২ অভিজ্ঞতা ২** | প্রেক্ষাপট নির্ভর অভিজ্ঞতাটি ১টি সেশনে সম্পন করা যেতে পারে। পরবর্তী ১টি সেশনের মাধ্যমে বিভিন্ন সাঙ্গকেতিক চিত্র, মন্দিরের সাথে এই চিত্রগুলোর সম্পৃক্ততা দলগত ভাবে শিক্ষার্থীরা আলোচনার মাধ্যমে সম্পন্ন করবে।<br><br>পূজা-অর্চনা, দেব-দেবী, মন্দির ও তীর্থস্থান সম্পর্কে ৫টি সেশনের মাধ্যমে শেষ করা যেতে পারে।<br><br>সক্রিয় পরীক্ষনে ১টি সেশনের মাধ্যমে শিক্ষার্থীরা তাদের ১টি পছন্দের আরতি শ্রেণী কক্ষে করে দেখাবে। যেহেতু সময় স্বল্পতা সেক্ষেত্রে শিক্ষার্থীরা প্রয়োজনে ইউটিউব, পার্শ্ববর্তী মন্দির, অথবা অভিভাবকদের সাহায্য নিতে পারবে। শিক্ষক এ বিষয়ে নির্দেশনা দিবেন। | ১৮ টি | ৮ টি |
| **যোগ্যতা ২ অভিজ্ঞতা ৩** | যোগাসন করা ও এর উপকারিতা ১টি সেশনে সমন্বয় করে সম্পন্ন করা যেতে পারে।<br><br>২টি সেশনের মাধ্যমে বিমূর্ত ধারণায়নে যোগাসন বিষয়টি আলোচনা করা যেতে পারে।<br><br>সক্রিয় পরীক্ষনে শিক্ষার্থীরা তাদের প্রয়োজনীয় ১টি যোগাসন ১টি সেশনের মাধ্যমে করে দেখাবে। | ৮ টি | ৪ টি |
| **যোগ্যতা ৩ অভিজ্ঞতা ১** | মূল্যবোধ সম্পর্কিত গল্পটির মাধ্যমে শিক্ষার্থীদের ভাবনা ১টি সেশনের মাধ্যমে দলগত ভাবে আলোচনা করে প্রতিফলন করতে বলা যেতে পারে।<br><br>হিন্দুধর্মের মূল্যবোধ সংক্রান্ত ধারনা গুলো ৪টি সেশনের মাধ্যমে<br>সম্পন্ন করা যেতে পারে। শিক্ষার্থীরা পরস্পরকে সাহায্য করছে তা ১টি সেশনের মাধ্যমে দেখা যেতে পারে। এছাড়া | ১২ টি | ৭ টি |

| | | | |
|---|---|---|---|
| | শ্রেণিকক্ষের বাইরেও শিক্ষার্থীরা এটার চর্চা করছে কিনা শিক্ষক সে বিষয়ে খেয়াল রাখবেন। | | |
| **যোগ্যতা ৩ অভিজ্ঞতা ২** | প্রেক্ষাপট নির্ভর অভিজ্ঞতা ও প্রতিফলনমূলক পর্যবেক্ষন ২টি সেশনে সম্পন্ন করা যেতে পারে। ঈশ্বরের বন্দনা ও ঈশ্বরের প্রতি ভালোবাসা দলগত আলোচনার মাধ্যমে করা যেতে পারে।<br><br>বিমূর্ত ধারণায়নে মহামানবদের জীবন চরিত ৫টি সেশনের মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে। শিক্ষার্থীরা মানব কল্যাণমূলক প্রতিষ্ঠান স্থাপনের যে পরিকল্পনাটি করবে তা ১টি সেশনের মাধ্যমে উপস্থাপন করতে বলা যেতে পারে। | ১৬ টি | ৮ টি |
| **যোগ্যতা ৩ অভিজ্ঞতা ৩** | প্রেক্ষাপট নির্ভর অভিজ্ঞতা ও প্রতিফলনমূলক পর্যবেক্ষন ২টি সেশনের মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে।<br><br>বিমূর্ত ধারণায়নে ২টি সেশনে সম্প্রীতি এবং মাদার তেরেসা ও ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের মানব কল্যান সম্পর্কে ধারণা দেয়া যেতে পারে।<br><br>সক্রিয় পরীক্ষণ ২টি সেশনের মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে। | ৮ টি | ৬ টি |

সাধারণ নির্দেশনা:

১। শিক্ষক লক্ষ্য রাখবেন কোন বিষয়ের শ্রেণির বাইরের কাজ যেন অন্য আরেকটি বিষয়ের শ্রেণি সময়কে প্রভাবিত না করে। অর্থাৎ হিন্দুধর্ম বিষয়ের একটি শ্রেণির বাইরের কাজ হিন্দুধর্ম বিষয়ের পর যে বিষয়ের সেশন পরিচালিত হওয়ার কথা সে বিষয়ের সময়কে প্রভাবিত না করে। সকল বিষয়ের সেশন সময় পরিকল্পনা মত শেষ করতে হবে।
২। দুর্যোগ বা অন্যান্য কারনে যদি বিদ্যালয় বন্ধ থাকে, শিক্ষক পূর্বে থেকে বাড়ির কাজ, দলগত কাজ, তথ্য সংগ্রহ এই ধরণের কাজগুলো শিক্ষার্থীদের বুঝিয়ে দিয়ে শিখন কার্যক্রম চলমান রাখতে পারেন যেন পরিকল্পনা অনুযায়ী সেশন শেষ করা সম্ভব হয়।
৩। যে কোন উপস্থাপনের সময় সব দলের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। দলের সকল সদস্যকে যাচাই করার স্বার্থে সবাইকে অল্প সময়ের জন্য হলেও উপস্থাপনের সুযোগ করে দিতে হবে। সেশন বা সেশনের সময় কমানোর জন্য দলের কোন সদস্যের অংশগ্রহণের সুযোগ নষ্ট করা যাবে না।